

দৈনিক
ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াসিফ হোসেন দৈনিক মিত্র

কারিগরি শিক্ষার বিকল্প নেই

প্রকাশ : ১৮ মে ২০২১, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



২০২৪ সালে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে চূড়ান্তভাবে মধ্যম আয়ের দেশের স্বীকৃতি পাবে বাংলাদেশ। ক্ষুদ্র আয়তন ও বৃহৎ জনগোষ্ঠী নিয়ে এই বাংলাদেশ এখনো বেকারত্বের ছোবল থেকে বেরিয়ে আসতে পারেনি। বেকারত্ব বিমোচনের জন্য বিভিন্ন সময় বিভিন্ন কর্মসূচি নেওয়া হলেও সীমিত সম্পদ ও দক্ষতার অভাবে ঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে না। প্রায় ৪৯ শতাংশ তরুণকে কারিগরি ও প্রযুক্তিনির্ভর শিক্ষার দিকে অগ্রসর করা গেলে এই বৃহৎ জনগোষ্ঠীকে আমরা জনসম্পদে রূপান্তর করতে পারব। ভবিষ্যতে আমাদের বেকারত্ব দূর ও দীর্ঘমেয়াদি উন্নয়ন অব্যাহত রাখতে সরকারকে অবশ্যই কর্মমুখী তথা প্রযুক্তিনির্ভর অর্থাৎ কারিগরি শিক্ষাখাতে অধিক জোর দিতে হবে।

মো. শিমুল রায়হান

শিক্ষার্থী,

জুরানপুর আদর্শ বিশ্ববিদ্যালয় কলেজ,

দাউদকান্দি, কুমিল্লা

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

|